গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রতিরক্ষা মন্ত্রণালয়
গণভবন কমপ্লেক্স
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.mod.gov.bd

নম্বর ২৩.০০.০০০০.১০০.৭১.০০২.২২.০১

তারিখ: ২১ আষাঢ় ১৪২৯ / ৫ জুলাই ২০২২

**বিষয় : প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ২০২১-২২ অর্থবছরের 'নৈতিকতা কমিটি'র পর্যালোচনা সভার কার্যবিবরণ।**

| | | |
|---|---|---|
| সভার সভাপতি | : | গোলাম মোঃ হাসিবুল আলম<br>সিনিয়র সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়। |
| সভার তারিখ ও সময় | : | ২৯ জুন ২০২২, বেলা ১২:০০ টা। |
| সভার স্থান | : | সম্মেলন কক্ষ, প্রতিরক্ষা মন্ত্রণালয়। |

২. উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। প্রারম্ভিক বক্তব্যে সভাপতি বলেন, রাষ্ট্র ও সমাজে সুশাসন প্রতিষ্ঠায় শুদ্ধাচার চর্চার গুরুত্ব অপরিসীম। সরকার সোনার বাংলা গড়ার একটি মহৎ প্রত্যয় নিয়েই জাতীয় শুদ্ধাচার কৌশল প্রণয়ন করেছে। এ ক্ষেত্রে নিজ নিজ দায়িত্ব সঠিকভাবে পালন করার জন্য সকল প্রতিষ্ঠানের প্রতি আবেদন জানান। তিনি এ মন্ত্রণালয়ের ২০২২-২৩ অর্থবছরের কর্মপরিকল্পনা যথাযথভাবে ও যথাসময়ে বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করেন।

৩. অতঃপর, সভাপতির অনুমতিক্রমে ফোকাল পয়েন্ট সভাকে অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রণয়নকৃত ২০২২-২৩ এর কর্ম-পরিকল্পনা মন্ত্রিপরিষদ বিভাগে ইতোমধ্যে প্রেরণ করা হয়েছে। সভায় জানানো হয় যে, ২০২২-২৩ অর্থবছরে শুদ্ধাচার বিষয়ক কর্ম-পরিকল্পনায় ১৫টি কার্যক্রম অন্তর্ভুক্ত করা হয়েছে। উল্লেখযোগ্য কার্যক্রমগুলো হলো: নৈতিকতা কমিটি, দপ্তর/সংস্থার ফিডব্যাক ও স্টেকহোল্ডারদের নিয়ে সভা আয়োজন, কর্ম-পরিবেশ উন্নয়ন সংক্রান্ত কার্যক্রম, আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন সংক্রান্ত কার্যক্রম, শুদ্ধাচার বিষয়ক ও দুর্নীতি প্রতিরোধে সহায়ক প্রশিক্ষণসহ অন্যান্য কার্যক্রম গ্রহণ।

৪. সভায় জানানো হয় যে, প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ২০২১-২২ অর্থবছরের কর্ম-পরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়ন করা হচ্ছে। মন্ত্রণালয়ের শুদ্ধাচার সংক্রান্ত ২০২১-২২ অর্থবছরের কর্ম-পরিকল্পনার লক্ষ্যমাত্রা কর্মসূচী যেমন, নৈতিকতা কমিটির সভা, সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা, শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক কর্ম পরিবেশ উন্নয়ন, বার্ষিক ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ, প্রকল্পের PSC ও PIC সভা আয়োজনসহ শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক কার্যক্রম অব্যাহত রাখা ইত্যাদি বিষয়ে কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়িত হয়েছে। এ পর্যায়ে দপ্তর/সংস্থার প্রতিনিধিগণ স্ব স্ব দপ্তরের সংশ্লিষ্ট কার্যক্রম তুলে ধরেন। সভাপতি তাঁদের সৃষ্টিশীল ধারণার জন্য সন্তোষ প্রকাশ করেন এবং এ ধারা অব্যাহত রাখা ও সকল প্রতিষ্ঠানকে শুদ্ধাচারের আলোকে পরিচালনার উপর গুরুত্বারোপ করেন। শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের বিভিন্ন গুরুত্বপূর্ণ দিক উল্লেখ করে বলেন, প্রথমে আমাদের নিজ নিজ অবস্থান থেকে সততা ও নৈতিকতার সাথে নিজের উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন করতে হবে। বিস্তারিত আলোচনা শেষে শুদ্ধাচার সম্পর্কিত ২০২২-২৩ অর্থবছরের কর্ম-পরিকল্পনা অনুমোদন এবং ২০২১-২২ অর্থবছরের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের বিষয়ে একমত পোষন করা হয়।

৫. অত:পর সভায় ২০২১-২২ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত বিষয়ে পুরস্কার বিতরণ করা হয়। পুরস্কার প্রাপ্তদের হাতে ক্রেস্ট, সনদ ও সম্মানী তুলে দেন প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সিনিয়র সচিব, গোলাম মোঃ হাসিবুল আলম। পুরস্কার প্রাপ্তরা হলেন মেজর জেনারেল মোঃ ওয়াহিদ-উজ-জামান, বিএসপি, এনডিসি, এওডব্লিউসি, পিএসসি, টিই, কমান্ড্যান্ট, এমআইএসটি, জনাব আফরোজা আক্তার চৌধুরী, উপসচিব, জনাব এইচ. এম. মনিরুজ্জামান, উপসচিব, জনাব মরিয়ম বেগম, প্রশাসনিক কর্মকর্তা, জনাব মোঃ আব্দুর রাজ্জাক, ফরাশ এবং জনাব মোঃ আবু সাইদ, অফিস সহায়ক, প্রতিরক্ষা মন্ত্রণালয়।

৬. বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক. প্রতিরক্ষা মন্ত্রণালয়ের শূদ্ধাচার কৌশল ২০২১-২২-এর চূড়ান্ত কর্ম-পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে;

খ. প্রতিরক্ষা মন্ত্রণালয়ের শুদ্ধাচার কৌশল ২০২২-২৩ এর কর্ম-পরিকল্পনা অনুমোদন করা হয়;

গ. মন্ত্রণালয়ের শুদ্ধাচার কর্মপরিকল্পনার মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ ও ওয়েবসাইটে প্রকাশ নিশ্চিত করতে হবে;

ঘ. যে সকল দপ্তর/সংস্থা ২০২২-২৩ এর কর্ম-পরিকল্পনা এখনও প্রেরণ করে নাই অথবা কোন সংশোধনী থাকলে তা আগামী ৭ জুলাই ২০২২ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে; এবং

ঙ. দপ্তর/সংস্থা ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার কর্ম পরিকল্পনার চূড়ান্ত (৪র্থ) প্রতিবেদন ১২ জুলাই ২০২২ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

৭. সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
৩০/০৬/২০২২
(গোলাম মোঃ হাসিবুল আলম)
সিনিয়র সচিব
এবং
সভাপতি
নৈতিকতা কমিটি
প্রতিরক্ষা মন্ত্রণালয়

নম্বর ২৩.০০.০০০০.১০০.৭১.০০২.২২.০১ তারিখ: ২১ আষাঢ় ১৪২৯ / ৫ জুলাই ২০২২

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

(১) সচিব সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃ: আ: সিনিয়র সহকারী সচিব, শুদ্ধাচার শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ)
(২) সেনাসদর, জি এস শাখা, এস ডি পরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
(৩) পরিচালক, পরিকল্পনা পরিদপ্তর, নৌসদর, বনানী, ঢাকা।
(৪) বিমান সদর, প্রশাসনিক সমন্বয় পরিদপ্তর, প্রশাসনিক শাখা, ঢাকা সেনানিবাস, ঢাকা।
(৫) মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা
(৬) কমান্ড্যান্ট, ন্যাশনাল ডিফেন্স কলেজ, মিরপুর সেনানিবাস, ঢাকা
(৭) সভাপতি ক্যাডেট কলেজ পরিচালনা পরিষদ, এ জি'র শাখা, সমন্বয়, সেনাসদর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
(৮) মহাপরিচালক, সামরিক চিকিৎসা সার্ভিসেস মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
(৯) কমান্ড্যান্ট, সামরিক বাহিনী কমান্ড এন্ড স্টাফ কলেজ, মিরপুর সেনানিবাস, ঢাকা।

(১০) কমান্ড্যান্ট, বাংলাদেশ সমরাস্ত্র কারখানা, গাজীপুর সেনানিবাস

(১১) মহাপরিচালক, প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর, নতুর বিমান বন্দর সড়ক, ঢাকা

(১২) চেয়ারম্যান, বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো), আগারগাঁও, ঢাকা

(১৩) কমান্ড্যান্ট, এম আই এস টি, মিরপুর সেনানিবাস, ঢাকা

(১৪) কমান্ড্যান্ট, আর্মড ফোর্সেস মেডিক্যাল কলেজ, ঢাকা সেনানিবাস, ঢাকা

(১৫) মহাপরিচালক, সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা

(১৬) মহাপরিচালক, বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর অধিদপ্তর, উত্তরা, ঢাকা।

(১৭) সার্ভেয়ার জেনারেল, সার্ভে অব বাংলাদেশ, তেজগাঁও, ঢাকা

(১৮) সিজিডিএফ, সিজিডিএফ এর কার্যালয়, সেগুন বাগিচা, ঢাকা

(১৯) পরিচালক, পূর্ত পরিদপ্তর, ই-ইন-সি'র শাখা, সেনাসদর, ঢাকা সেনানিবাস, ঢাকা

(২০) পরিচালক, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা

(২১) মহাপরিচালক, প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়, ঢাকা সেনানিবাস, ঢাকা

(২২) প্রেসিডেন্ট, আন্তঃবাহিনী নির্বাচন পর্ষদ, ঢাকা সেনানিবাস, ঢাকা

(২৩) পরিচালক, গুপ্তসংকেত পরিদপ্তর, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা

(২৪) অধিনায়ক, এম ও ডি সি, রাজেন্দ্রপুর সেনানিবাস গাজীপুর

(২৫) পরিচালক, আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা

(২৬) পরিচালক, বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ড, কাকরাইল, ঢাকা

অনুলিপি:

১। সিস্টেম এনালিষ্ট, প্রতিরক্ষা মন্ত্রণালয় **(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।**

২। সিনিয়র সচিব-এর একান্ত সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৩। অতিরিক্ত সচিব (অনুবিভাগ-২)-এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

০৫/০৯/২২

(মোহাম্মদ গোলাম কবির)
উপসচিব
প্রতিরক্ষা মন্ত্রণালয়
ফোন: ৫৮১৫২৬২২